# 'নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা' এর নির্দেশিকা

***পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বান্ধব স্থানীয় খাদ্য ব্যবস্থা***

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বার্ষিক আন্তর্জাতিক আয়োজন,যেখানে কিশোর-কিশোরীরা এবং তরুণ-তরুণীরা স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং পুষ্টি প্রচারের জন্য উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ার করতে পারে, পুষ্টি সম্পর্কিত চ্যালেঞ্জ ও উদ্বেগ প্রকাশ করতে পারে এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। এটি নেটওয়ার্ক গড়ে তুলতেও সাহায্য করে। ২০১৭ সাল থেকে বিড ফাউন্ডেশন বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২৪-২৫ এপ্রিল, ২০২৫ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৫ অনুষ্ঠিত হবে। কিশোর -কিশোরী এবং তরুণদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ - এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা এবং প্রদর্শনী আয়োজন করা হবে। এখানে মোট ১৫ টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, যার মধ্যে একটি হলো 'নিউট্রি কার্নিভাল (যেমন খুশি তেমন সাজো) প্রতিযোগিতা'। ০৬ থেকে ২৪ বছর বয়সী যেকোনো ব্যক্তি 'নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা'-তে অংশগ্রহণ করতে পারবেন।
নিউট্রি কার্নিভাল (যেমন খুশি তেমন সাজো) প্রতিযোগিতা এর নির্দেশিকা নিচে দেওয়া হলঃ

**নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা**
নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতাটি ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এর অংশ, যার লক্ষ্য শিশু, কিশোর এবং যুবকদের স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং পুষ্টি প্রচারে জড়িত করা। অংশগ্রহণকারীরা নির্দিষ্ট থিমের উপর ভিত্তি করে পুষ্টি-থিমযুক্ত পোশাক সৃজনশীল ভাবে প্রদর্শন করে।

**বয়স গ্রুপ:**

| গ্রুপ এ | গ্রুপ বি | গ্রুপ সি |
|---|---|---|
| ০৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়:**
**গ্রুপ এ:** পুষ্টি জীবনের সুখী রং।
**গ্রুপ বি:** পুষ্টিকর খাবার, আপনাকে ভালো রাখবে।
**গ্রুপ সি:** খাবারের যুদ্ধ: স্বাস্থ্যকর খাদ্য বনাম অস্বাস্থ্যকর খাদ্য।

**যোগ্যতা:**

- প্রতিযোগীদের INO ২০২৫ ওয়েবসাইটে(www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশন এর সময় 'নিউট্রি কার্নিভাল' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী এতে অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা এককভাবে বা দলগতভাবে প্রতিযোগিতা করতে পারবেন (সর্বোচ্চ ৩ জন)। বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীরাও দলবদ্ধভাবে অংশগ্রহণ করতে পারবেন
- অংশগ্রহণকারী, অভিভাবক বা প্রতিষ্ঠান, ন্যূনতম আইটি সুবিধা [(ফোন, ইমেইল,হোয়াটসঅ্যাপ, জুম একাউন্ট (বাধ্যতামূলক নয়) থাকতে হবে।
- অংশগ্রহণকারীরা শিক্ষকদের উপস্থিতিতে তাদের নিজস্ব প্রতিষ্ঠানে কার্যক্রম পরিচালনা করবেন।

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৫ এর নির্দিষ্ট ওয়েবসাইটে( www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৫ ওয়েবসাইটের রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'নিউট্রি কার্নিভাল' নির্বাচন করতে হবে।

**রেজিস্ট্রেশনের সময়সীমা:** মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

**জমা দেয়ার সময়সীমা:** এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

**নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনা:**

**১. প্রতিযোগীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেল।

**২.ভাষা:** বাংলা অথবা ইংরেজি।

**৩.জমা ও নির্বাচন প্রক্রিয়াঃ**

**প্রাথমিক নির্বাচন:**

- প্রতিষ্ঠান ৩ জন সেরা অংশগ্রহণকারীকে নির্বাচন করবে এবং তাদের ১০ মিনিটের ভিডিও এবং ছবি গুগল ফর্ম বা ইমেইলের মাধ্যমে (মেইল এর বিষয়বস্তুতে 'নিউট্রি কার্নিভাল' প্রতিযোগিতা উল্লেখ করে দলের নাম, বয়স এবং প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে জমা দেবে। প্রতিটি গ্রুপ থেকে ৫ জন অংশগ্রহণকারীকে নির্বাচন করা হবে এবং ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ -এ আমন্ত্রণ জানানো হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রাথমিকভাবে নির্বাচিত ১৫ জন চূড়ান্ত প্রতিযোগীকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ -এর ভেন্যুতে আমন্ত্রণ জানানো হবে এবং শীর্ষ ৩ জন অংশগ্রহণকারীকে বিজয়ী হিসেবে নির্বাচন করা হবে।

**স্কোর ক্রাইটেরিয়াঃ**

| ক্রম | বিষয় | নাম্বার |
|---|---|---|
| ০১ | বিষয় উপস্থাপন | ৩০ |
| ০২ | পোশাক | ২০ |
| ০৩ | পুষ্টিগত বার্তা | ২০ |
| ০৪ | সামঞ্জস্যতা | ২০ |
| ০৫ | নিয়ম অনুসরণ করা | ১০ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্য:**

- অংশগ্রহণকারীদের অবশ্যই নিউট্রি কার্নিভালের ধারণা নিজে তৈরি করতে হবে যদিও পরামর্শদাতাদের দিকনির্দেশনা অনুমোদিত।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং যে কোন ভুলের ফলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকরা পুষ্টি বার্তা মূল্যায়ন করবেন এবং নম্বর দেবেন।
- প্রতিটি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরকারী কে বিজয়ী ঘোষণা করা হবে।
- ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এর সমাপনী অনুষ্ঠানে শীর্ষ ৩ (তিন) প্রতিযোগী বা দলকে বিজয়ী ঘোষণা করা হবে।

**যোগাযোগ:**

নিউট্রি কার্নিভাল প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।**